# আদিতমারী উপজেলা আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির
## দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ বিধান কান্তি হালদার, প্রশাসক, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট

তারিখ ঃ ২৪/০৪/২০২৫খ্রিঃ

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভার উপস্থিতি পরিশিষ্ট ক এ দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সভায় সদস্য সচিব, অফিসার ইনচার্জ, আদিতমারী থানা নিম্নোক্তভাবে এপ্রিল/২৫ মাসের তথ্যাদি উপস্থাপন করেন।

এপ্রিল/২৫ মাসে সর্বমোট মামলা রুজু হয়েছে ৩৫টি, নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলা হয়েছে ০৩টি, অপহরণ সংক্রান্ত মামলা হয়েছে ০১টি, চুরি সংক্রান্ত ০১টি, মাদকের মামলা হয়েছে ১২টি এছাড়াও অন্যান্য মামলা হয়েছে ১৮টি। তিনি সভায় জানান যে বর্তমানে আদিতমারী উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি স্থিতিশীল রয়েছে। কোথাও কোন অপ্রীতিকর ঘটনা বা আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটনি। তিনি উপস্থিত সকল ইউপি চেয়ারম্যানগনের দৃষ্টি আকর্ষন করে আরো জানান যে, কোথাও কোন বাল্য বিবাহ বা আইন শৃংখলার অবনতি সংক্রান্ত ঘটনা ঘটলে আদিতমারী থানায় অবহিত করার জন্য অনুরোধ জানান।

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, বর্তমানে পরিবর্তীত পরিস্থিতিতে সমাজে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে প্রতি শুক্রবার মসজিদে জুময়ার নামাজের মুল খুতবার পাশাপাশি জঙ্গিবাদ, সন্ত্রাস, নাশকতা, বাল্য বিবাহ, নারী শিশু নির্যাতন ও মাদক বিরোধী বক্তব্য প্রদানের জন্য ইমামগণকে অনুরোধ অনুরোধ জানান। প্রতিটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/জনপ্রতিনিধিগণ যদি এক এক শুক্রবার পর্যায়ক্রমে এক এক মসজিদে নামাজ আদায় করেন তবেই বিষয়টি সঠিকভাবে মনিটরিং করা সম্ভব হবে। এ বিষয়ে প্রতিটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ তার অধিক্ষেত্রের সংশ্লিষ্ট সকল মসজিদে পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪/০৪/২০২৫

(বিধান কান্তি হালদার)
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি
আদিতমারী, লালমনিরহাট

উপজেলা পরিষদ কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট

স্মারক নং উঃপরিঃ/আদিতঃ/লালঃ/২৫- ৯৬

তারিখঃ ১১ বৈশাখ ১৪৩২
২৪ এপ্রিল ২০২৫

২৪/০৪/২০২৫

(বিধান কান্তি হালদার)
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক কমিটি
আদিতমারী, লালমনিরহাট

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। চেয়ারম্যান
.................ইউনিয়ন পরিষদ, আদিতমারী।
২।....................................
....................................
আদিতমারী, লালমনিরহাট।

CamScanner